

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মন্ত্রিসভা-বৈঠক অধিশাখা

নং- ০৪.০০.০০০০.৩১১.৩১.০০৫.১৮.৪৪৫

১৩ শ্রাবণ ১৪২৯  
তারিখ:-----  
২৮ জুলাই ২০২২

বিষয়: মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রীগণের বিদেশ সফর সংক্রান্ত সারসংক্ষেপ মন্ত্রিসভার অবগতির জন্য উপস্থাপন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে Rules of Business, 1996-এর Rule 26(2) অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে তাদের স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রীগণের বিদেশ সফর সংক্রান্ত সারসংক্ষেপ মন্ত্রিসভার অবগতির জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। মন্ত্রিসভার জন্য মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রীগণের বিদেশ সফর সংক্রান্ত সারসংক্ষেপ প্রেরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ পরিপালন করা সমীচীন।

- ১। ভ্রমণকৃত দেশের নাম।
- ২। সফরের মেয়াদ।
- ৩। সফরের উদ্দেশ্য।
- ৪। প্রধান বৈশিষ্ট্য (Salient Features) [সংক্ষিপ্তভাবে বুলেট আকারে]।

উপরোক্ত বিষয়সমূহ পরিপালন করে বিদেশ সফর সংক্রান্ত মন্ত্রিসভার জন্য সারসংক্ষেপ অনধিক **এক পৃষ্ঠার** মধ্যে সম্পন্ন করা এবং বিদেশ সফরকালে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রীগণের বক্তব্য/বিবৃতি ও প্রতিনিধিদলের (যদি থাকে) তালিকা **পৃথক সংলাগ** আকারে সংযুক্ত করা আবশ্যিক।

মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রীগণের সফর মন্ত্রিসভার অবগতির জন্য উপস্থাপনের ক্ষেত্রে উল্লিখিত অনুশাসন যথাযথভাবে পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

*Ussalam*  
28/7/2022  
(ড. উর্মি বিনতে সালাম)  
উপসচিব  
ফোন: ৯৫১১০৩৪

বিতরণ: সদয় কার্যার্থে:

১। সিনিয়র সচিব/সচিব,

.....মন্ত্রণালয়/বিভাগ।